ইলেক্ট্রনিক টেন্ডার
ঝুট-ঝামেলা নেই আর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel. 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬-৩৬ তারিখঃ ৩০/০১/২০১৭

বিষয়ঃ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ইনোভেশন টিম এর ১৬তম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ইনোভেশন টিম এর ১৬তম সভা গত ২৪/০১/২০১৭ তারিখ মঙ্গলবার বিকাল ০৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

৩০/১/১৭

(মোঃ হেলাল উদ্দিন, এনডিসি)
যুগ্ম-সচিব
পরিচালক (সমন্বয়)
ও
সদস্য সচিব
ইনোভেশন টিম, আইএমই বিভাগ
ফোনঃ ৯১৪৪২৩২

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(১) জনাব মোঃ নজরুল ইসলাম, প্রধান, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(২) জনাব মোঃ মাহমুদুল হক, যুগ্ম-সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) বেগম নাসিমা মহসিন, পরিচালক (যুগ্ম-সচিব), শিল্প ও শক্তি সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৪) জনাব মোঃ আফজাল হোসেন, পরিচালক (উপ-সচিব), কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৫) জনাব মোঃ আজিজ তাহের খান, পরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৬) শেখ মোঃ আব্দুর রহমান, উপ-পরিচালক (সমন্বয়-১), সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৭) জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

(১) অতিরিক্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(২) মহাপরিচালক (সকল),আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) পরিচালক (সকল), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৪) উপ-পরিচালক (সকল)/ সহকারি পরিচালক (সকল), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৫) জনাব মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, সরকারি পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
(৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৭) প্রশাসনিক কর্মকর্তা (স্টোর), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৮) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.imed.gov.bd

বিষয়ঃ <u>বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ইনোভেশন টিম এর ১৬তম সভার কার্যবিবরণী।</u>

সভাপতি	:	জনাব মোঃ নজরুল ইসলাম, চীফ ইনোভেশন অফিসার এবং প্রধান, আইএমইডি।
তারিখ	:	২৪/০১/২০১৭
সময়	:	বিকাল ০৪.০০ টা
স্থান	:	প্রধান, আইএমইডি-এর অফিস কক্ষ।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **(<u>পরিশিষ্ঠ-'ক'</u>)** এতদ সাথে সংযোজিত। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি বলেন যে, ইনোভেশন বিষয়ে তাঁর ব্যক্তিগত আগ্রহ রয়েছে এবং ইনোভেশন টিমের সকল সদস্যের সহায়তায় তিনি আইএমই বিভাগের ইনোভেশন কার্যক্রমকে এগিয়ে নিতে চান। অতঃপর সভাপতির আহ্বানে আইএমই বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন বিগত সভার কার্যবিবরণী এবং আইএমই বিভাগের ইনোভেমন কার্যক্রম সম্পর্কে সভাকে ব্রীফ করেন। তিনি জানান যে, আইএমই বিভাগ থেকে a2i প্রকল্পের SIF থেকে বাস্তবায়নের জন্য ১১টি ইনোভেশন প্রস্তাব পাঠানো হয়েছে। প্রস্তাবসমূহ SIF এর পরিবর্তী round-এ বিবেচনার জন্য উপস্থাপন করা হবে বলে তিনি a2i প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট থেকে জেনেছেন। এ ছাড়া তিনি জনান যে, ইনোভেশন টিমের সভা ইতোপূর্বে নিয়মিত অনুষ্ঠিত হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে যথারীতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তিনি আইএমই বিভাগের ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন ২০১৬ এর খসড়া এবং ২০১৭ সালের ইনোভেশন পরিকল্পনার খসড়া সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, a2i এর সহায়তায় ইনোভেশন বিষয়ক একটি কর্মশালা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। অতঃপর সভাপতি উপস্থিত অন্যান্য সদস্যদের আলোচনায় অংশগ্রহণের আমন্ত্রণ জানালে আলোচনায় অংশ নেন জনাব মোঃ হেলাল উদ্দিন, পরিচালক (সমন্বয়), সিপিটিইউ এবং জনাব মোঃ লুৎফুর রহমান, উপ-পরিচালক, আইএমই বিভাগ।

০২। জনাব মোঃ হেলাল উদ্দিন জানান যে, আইএমই বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ ইনোভেশন কার্যক্রম সম্পর্কে আবহিতকরণ বিষয়ে তিনি a2i প্রকল্পের পরিচালক, ইনোভেশন এর সাথে কথা বলেছেন। ফেব্রুয়ারী/২০১৭ মাসের ১ম/২য় সপ্তাহে এ ধরণের একটি অবহিতকরণ সভা আয়োজন সম্ভব বলে তিনি জানান। তিনি আরও জানান আইএমই বিভাগের চলমান কার্যক্রম পদ্ধতি সহজীকরণ ও আধুনিকায়ন বিষয়ে সেক্টর ভিত্তিক কর্মকর্তাগণ আলোচনা করে প্রস্তাব তৈরী করতে পারেন এবং কমরত সকল কর্মকর্তা/কর্মচারী আগ্রহ নিয়ে কর্মপরিবেশ উন্নয়ন, কাজের সক্ষমতা বৃদ্ধি কর্মকর্তা/কর্মচারীদের কল্যানকর সর্বোপরি জনকল্যান বিষয়ক ইনোভেশন প্রস্তাব তৈরি করতে পারেন। জনাব মোঃ লুৎফুর রহমান ইনোভেশন বিষয়ে a2i প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে সার্বক্ষনিক লিয়াজো রাখার প্রয়োজনীয়তার প্রতি গুরুত্বারোপ করেন। সভাপতি আলোচনার বিভিন্ন পর্যায়ে তাঁর মতামত ও বক্তব্য পেশ করেন।

০৩। সভার বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

বিষয়	সিদ্ধান্ত	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা
(১)	(২)	(৩)
০১। আইএমই বিভাগের কর্মকর্তাদের জন্য ইনোভেশন বিষয়ে a2i প্রকল্পের কর্মকর্তার সমন্বয়ে ওরিয়েন্টেশন সভা/প্রশিক্ষণ আয়োজন।	ফেব্রুয়ারী/১৭ মাসের মধ্যে ওরিয়েন্টেশন সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ।	যুগ্ম-সচিব (প্রশাসন) ও সদস্য-সচিব

বিষয়	সিদ্ধান্ত	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা
(১)	(২)	(৩)
০২। আইএমই বিভাগের প্রতিটি সেক্টর থেকে সেক্টরের কার্যাবলী সহজীকরণ ও আধুনিকরণ বিষয়ে ইনোভেশন প্রস্তাব পেশ।	মহাপরিচালকগণ সেক্টরের সকল কর্মকর্তাকে নিয়ে সংশ্লিষ্ট সেক্টর থেকে ইনোভেশন বিষয়ক প্রস্তাব তৈরি করে চীফ ইনোভেশন অফিসার এর নিকট পেশ করবেন।	মহাপরিচালক (সকল) ও সদস্য-সচিব
০৩। আইএমই বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে ইনোভেশন প্রস্তাব আহ্বান	কর্মপরিবেশ/ কর্মদক্ষতা উন্নয়ন, কর্মকর্তা/কর্মচারীর কল্যান এবং সামগ্রিকভাবে জনকল্যান বিষয়ক ইনোভেশন প্রস্তাব ব্যক্তিগতভাবে কর্মকর্তা/কর্মচারীগণ চীফ ইনোভেশন অফিসারের নিকট দাখিল করবেন।	ইনোভেশন টিম এবং সকল কর্মকর্তা/কর্মচারী
০৪। আইএমই বিভাগের ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন ২০১৬ চূড়ান্তকরণ এবং ইনোভেশন পরিকল্পনা ২০১৭ চূড়ান্তকরণ।	ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন ২০১৬ এবং ইনোভেশন পরিকল্পনা ২০১৭ চূড়ান্তকরণের লক্ষ্যে ইনোভেশন টিম আগামী ১ সপ্তাহের মধ্যে তা চূড়ান্ত করবে।	সদস্য-সচিব

০২। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
চীফ ইনোভেশন অফিসার
এবং
প্রধান, আইএমই বিভাগ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(১) জনাব মোঃ নজরুল ইসলাম, প্রধান, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(২) জনাব মোঃ মাহমুদুল হক, যুগ্ম-সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) বেগম নাসিমা মহসিন, পরিচালক (যুগ্ম-সচিব), শিল্প ও শক্তি সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৪) জনাব মোঃ আফজাল হোসেন, পরিচালক (উপ-সচিব), কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৫) জনাব মোঃ আজিজ তাহের খান, পরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৬) শেখ মোঃ আব্দুর রহমান, উপ-পরিচালক (সমন্বয়-১), সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৭) জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

(১) অতিরিক্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(২) মহাপরিচালক (সকল),আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) পরিচালক (সকল), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৪) জনাব মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, সরকারি পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
(৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৬) প্রশাসনিক কর্মকর্তা (স্টোর), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
(৭) অফিস কপি।